জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের মাননীয় সচিব জনাব মোহাম্মদ সাইফুল ইসলাম ১৭ আগস্ট, ২০২৫ তারিখ রোজ রবিবার বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের (জিএসবি) সার্বিক কার্যক্রমের ওপর এক মতবিনিময় সভায় অংশগ্রহণ করেন। উক্ত সভায় জিএসবির বিভিন্ন শাখাসমূহের কার্যক্রমের বিবরণসহ জিএসবির চলমান, নতুন অনুমোদিত এবং ২০২৫- ২০২৬ অর্থবছরে সবুজ পাতায় অন্তর্ভুক্ত প্রকল্পসমূহ সম্পর্কে মাননীয় সচিব মহোদয়কে অবহিত করা হয়।








